অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/6/2025 **গভর্নর ক্যাথি হোকল**

আপনার পকেটে অর্থ: গভর্নর HOCHUL (হোকল) প্রতি শিশুর জন্য 1,000 মার্কিন ডলার পর্যন্ত দেওয়ার জন্য চাইল্ড ট্যাক্স ক্রেডিটের ব্যাপক এক্সপ্যানশন প্রস্তাব করেছেন

প্রস্তাবনাটি নিউ ইয়র্ক স্টেটের 2.75 মিলিয়ন শিশুকে সমর্থন করবে; 200,000 মার্কিন ডলার পর্যন্ত বা এর বেশি উপার্জন করা পরিবারের কাছে বেনিফিট পৌঁছাবে

চার বছরের কম শিশুদের জন্য চাইল্ড ট্যাক্স ক্রেডিট তিনগুণ করা হবে; সকল পরিবারের জন্য গড় ট্যাক্স ক্রেডিট দ্বিগুণ হবে

গভর্নর নিউ ইয়র্কের ইতিহাসের সবথেকে বড় চাইল্ড ট্যাক্স ক্রেডিটের এক্সপ্যানশন প্রস্তাব করছেন

2025 সালের স্টেট অফ দ্য স্টেটের তার দ্বিতীয় প্রস্তাবনা হিসেবে গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে আরো 2.75 মিলিয়ন শিশুর জন্য নিউ ইয়র্কের চাইল্ড ট্যাক্স ক্রেডিটে একটি ঐতিহাসিক এক্সপ্যানশন করার প্রস্তাব দিয়েছেন। গভর্নর Hochul-এর (হোকল) পরিকল্পনা নিউ ইয়র্কের 1.6 মিলিয়ন পরিবারকে চার বছরের কম বয়সী প্রতি শিশুর জন্য 1,000 মার্কিন ডলার পর্যন্ত এবং চার থেকে ষোল বছর বয়সী প্রতি শিশুর জন্য 500 মার্কিন ডলার পর্যন্ত বার্ষিক ট্যাক্স ক্রেডিট দিবে। এই প্রস্তাবনাটি হলো নিউ ইয়র্কের ইতিহাসে চাইল্ড ট্যাক্স ক্রেডিটের একক সর্বোচ্চ বৃদ্ধি, এবং বর্তমান ক্রেডিটের মূল্য, যা বর্তমানে প্রতি শিশুর জন্য মাত্র 330 মার্কিন ডলার পর্যন্ত দেয়, তার তুলনায় এটি উল্লেখযোগ্য বেশি।

"মুদি পণ্য থেকে শুরু করে স্ট্রলার এবং বাচ্চাদের কাপড় পর্যন্ত, জীবনযাপনের ব্যয় এবং পরিবার বড় করার খরচ এখনো অনেক অনেক বেশি, এবং সেজন্য আমরা নিউ ইয়র্কের চাইল্ড ট্যাক্স ক্রেডিটে বিশাল একটি বৃদ্ধির প্রস্তাব করছি যা পরিশ্রমী পরিবারগুলির পকেটে প্রতি শিশুর জন্য 1,000 মার্কিন ডলার পর্যন্ত ফেরত দিবে," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "নিউ ইয়র্কের প্রথম মা গভর্নর হিসেবে আমি জানি যে প্যারেন্টদের জন্য প্রতিদিনের চাহিদা পূরণ করা কতটা কঠিন হতে পারে, এবং প্রতিটি পরিবারের জন্য নিউ ইয়র্ককে আরো সাশ্রয়ী না করা পর্যন্ত আমি কখনো লড়াই থামাবো না।"

নিউ ইয়র্কের চাইল্ড ট্যাক্স ক্রেডিটের জন্য গভর্নর Hochul-এর (হোকল) প্রস্তাবিত এক্সপ্যানশন একদম ছোট শিশুসহ পরিবারগুলির জন্য উল্লেখযোগ্য সহায়তা দিয়াৰ ব্যবস্থা করবে এবং সকল

আয়ের স্পেকট্রামের পরিবারগুলিকে সাহায্য করবে। পরিবারগুলিকে দেওয়া গড় ক্রেডিট 472 মার্কিন ডলার থেকে দ্বিগুণ হয়ে 943 মার্কিন ডলার হবে। নিউ ইয়র্ক স্টেটে শিশু দারিদ্র্য সমাধানে সাহায্য করার জন্য এটি অত্যন্ত গুরুত্বপূর্ণ হবে, এবং এটি এমন বহু মধ্যবিত্ত পরিবারকে ত্রাণ দিবে যাদের আয় বর্তমানে এই ক্রেডিটের কোয়ালিফাই করার জন্য অনেক বেশি।

উদাহরণ হলো, গভর্নর Hochul-এর (হোকল) বর্ধিত চাইল্ড ট্যাক্স ক্রেডিটের আওতায়, একটি ছোট বাচ্চা এবং স্কুলে যাওয়ার বয়সী সন্তানসহ চার সদস্যের একটি পরিবার, এবং 110,000 মার্কিন ডলার পর্যন্ত গৃহস্থালির উপার্জনসহ একটি পরিবার বছরে 1,500 মার্কিন ডলার ক্রেডিট পাবে, যা হলো বর্তমান প্রোগ্রামের আওতায় সেই পরিবারটি বছরে যা পাচ্ছে তার থেকে প্রায় 1,000 মার্কিন ডলার বেশি।

পাশাপাশি, যদিও যৌথভাবে ফাইল করা গৃহস্থালিগুলির জন্য 110,000 মার্কিন ডলার পর্যন্ত ফুল ক্রেডিট আছে, তবে এর ফেজআউটের ধারাবাহিক হারের সাথে বর্ধিত ক্রেডিট মিলিত হওয়ার অর্থ হলো 170,000 মার্কিন ডলার গৃহস্থালির আয়সহ চার সদস্যের পরিবারগুলিও বছরে 500 মার্কিন ডলার পর্যন্ত পাবে। সেই পরিবারটি বর্তমান প্রোগ্রামের আওতায় কোনো ক্রেডিট পাওয়ার যোগ্য নয়।
এই ঘোষণাটি নিউ ইয়র্কের পরিবারগুলির উন্নতি করতে গভর্নর Hochul-এর (হোকল) লিগেসিকে অগ্রসর করে, যার মধ্যে আছে সত্যের চাইল্ড ট্যাক্স ক্রেডিটকে 600,000-এর বেশি চার বছরের কম বয়সী শিশুদের জন্য বাড়ানো যারা এর আগে 2023 সালে বাদ পড়েছিলো। গভর্নর Hochul-এর (হোকল) আজকে প্রকাশ করা পরিকল্পনা অনুযায়ী, তিন বছর বয়সী শিশুসহ একটি পরিবার 1,000 মার্কিন ডলার পর্যন্ত বেনিফিট পাবে, এই অর্থ দিয়ে তারা চাইল্ড কেয়ার, খাবার এবং অন্যান্য অতি প্রয়োজনীয় জিনিস কিনতে পারবে, মাত্র দুই বছর আগেই তারা শূন্য মার্কিন ডলার পাওয়ার যোগ্য হতো।

এই প্রস্তাবিত এক্সপ্যানশনটি পুরো স্টেটের প্রায় 1.6 মিলিয়ন পরিবারের পকেটে অর্থ ফেরত দিবে এবং 2.75 মিলিয়নের বেশি শিশুর জন্য আর্থিক ভাগ্য উন্নত করবে। এর মধ্যে রয়েছে স্টেটের সকল কোণার নিউ ইয়র্কবাসী, যেমনটি নিচের আঞ্চলিক ব্রেকডাউনে দেখানো হয়েছে:

অঞ্চল	**আনুমানিক বেনিফিট পাওয়া গৃহস্থালি**	**আনুমানিক বেনিফিট পাওয়া শিশু**
New York City	740,000	1.2 মিলিয়ন
Long Island	215,000	355,000
Mid-Hudson	180,000	330,000
Western New York	118,000	207,000
Finger Lakes	104,000	180,000

Capital Region	86,000	145,000
Central New York	67,000	116,000
Southern Tier	51,000	89,000
Mohawk Valley	43,500	76,500
North Country	35,000	61,000

এই ক্রেডিট দুই বছর ধরে দেওয়া হবে, চার বছরের কম বয়সী শিশুসহ যোগ্য পরিবার 2025 ট্যাক্স বছরের জন্য 1,000 মার্কিন ডলার ক্রেডিট পাবে এবং চার বছরের বেশি বয়সী শিশুসহ পরিবারগুলি 2026 ট্যাক্স ইয়ারের জন্য 500 মার্কিন ডলার ক্রেডিট পাওয়ার যোগ্য হবে। এম্পায়ার স্টেট চাইল্ড ক্রেডিট (Empire State Child Credit) হলো একটি রিফান্ড করার যোগ্য ক্রেডিট, এটি ট্যাক্স কম করতে সাহায্য করতে পারে বা একটি রিফান্ড হিসেবে সরাসরি করদাতাদের দেওয়া হতে পারে।

অনুমান করা হয় যে, পুরোপুরি বাস্তবায়ন করা হলে এই একটি উদ্যোগ পুরো স্টেটের শিশুদের মধ্যে দারিদ্র্য 8.2 শতাংশ কমাতে পারবে, এবং যখন তা সাবসিডাইজড চাইল্ড কেয়ারের মতো ইতিমধ্যেই গভর্নর Hochul-এর (হোকল) অগ্রসর করা অন্যান্য ব্যবস্থার সাথে যুক্ত হবে তখন তা শিশু দারিদ্র্য 17.7 শতাংশ কমিয়ে দিবে। 2021 সালে দায়িত্ব নেওয়ার পর থেকে গভর্নর Hochul (হোকল) শিশু দারিদ্র্য কমানোর চেষ্টা অগ্রসর করছেন এবং তিনি Child Poverty Reduction Advisory Council (CPRAC) তৈরি করেছেন যার লক্ষ্য হলো উল্লেখযোগ্যভাবে শিশু দারিদ্র্য কমানো। 2024 সালের ডিসেম্বর মাসে CPRAC সুপারিশ দিয়েছে যার মধ্যে দারিদ্র্য কমানোর সবথেকে প্রভাবশালী পদ্ধতি হিসেবে চাইল্ড ট্যাক্স ক্রেডিট বাড়ানোর কথা বলা আছে।

অফিস অফ টেম্পোরারি অ্যান্ড ডিজেবিলিটি অ্যাসিস্টেন্সের কমিশনার Barbara C. Guinn (বারবারা সি গুইন) বলেন, "Child Poverty Reduction Advisory Council-এর কো-চেয়ার হিসেবে আমরা জানি যে এই প্রমাণ স্পষ্ট যে শৈশবের দারিদ্র্য কমানো গেলে তার ফলে পরিবারের শারীরিক ও মানসিক স্বাস্থ্য উন্নত হবে এবং এর ফলে শিশুদের জন্য শিক্ষা ও চাকরির ফলাফল উল্লেখযোগ্যভাবে আরো উন্নত হবে। গভর্নর Hochul-এর (হোকল) চাইল্ড ট্যাক্স ক্রেডিটের এক্সপ্যানশনটি হলো নিউ ইয়র্ক স্টেটে শিশু দারিদ্র্য হ্রাস করতে আমাদের লক্ষ্য অর্জনের জন্য একটি উল্লেখযোগ্য অগ্রগামী ধাপ। আমাদের স্টেটে বাস করতে এবং পরিবার বড় করতে সংগ্রাম করতে থাকা পরিবারগুলির জন্য প্রতি শিশুর জন্য ক্রেডিট 1,000 মার্কিন ডলার বা 500 মার্কিন ডলারে বাড়ানো হলে তা তাদের গৃহস্থালির বাজেটে অতি প্রয়োজনীয় বাড়তি অর্থ দিবে। এই ঐতিহাসিক ঘোষণাটি নিউ ইয়র্কবাসীরা যে অর্থনৈতিক সমস্যার সম্মুখীন হয়েছে তার মোকাবেলা করতে গভর্নর Hochul-এর (হোকল) প্রতিশ্রুতিকে তুলে ধরে এবং এটি হলো আমাদের পুরো স্টেটের পরিবারগুলিকে সমর্থন করার জন্য শক্ত পদক্ষেপ নিতে গভর্নরের প্রতিশ্রুতির আরেকটি স্বাগত উদাহরণ।"

নিউ ইয়র্ক স্টেটের ডিপার্টমেন্ট অফ ট্যাক্সেশন অ্যান্ড ফাইন্যান্সের ভারপ্রাপ্ত কমিশনার Amanda Hiller (আমান্ডা হিলার) বলেন, "নিউ ইয়র্কের পরিবারগুলিকে অতি

প্রয়োজনীয় সমর্থন দেওয়ার জন্য এম্পায়ার স্টেট চাইল্ড ক্রেডিটটি একটি নির্ভরযোগ্য উপায় হিসেবে প্রমাণিত হয়েছে। এই রিফান্ডযোগ্য ট্যাক্স ক্রেডিটটি বড় করার মাধ্যমে গভর্নর Hochul (হোকল) আরো বেশি শিশুকে দারিদ্র্য থেকে বের করে আনতে সাহায্য করবেন।"

New York State United Teachers (NYSUT)-এর প্রেসিডেন্ট Melinda Person (মেলিন্ডা পার্সন) বলেন, "এমন একটি সময় যখন বেশির ভাগ কর্মজীবী পরিবার প্রতিদিনের চাহিদা পূরণ করতে হিমশিম খাচ্ছে, টি খান এম্পায়ার স্টেট ট্যাক্স ক্রেডিট বড় করা হলো শিশু দারিদ্র্যের কলঙ্কের মোকাবেলা করার এবং শ্রেণীকক্ষের ভেতরে ও বাইরে উভয় ক্ষেত্রে আমাদের শিশুদেরকে নিজেদের পূর্ণ সম্ভাবনায় পৌঁছানোর সুযোগ দেওয়ার একটি উপায়।"

Robin Hood-এর CEO Richard R. Buery Jr (রিচার্ড আর বুয়েরি জুনিয়র) বলেন, "ব্যাপক ক্রয়ক্ষমতার সঙ্কটের সম্মুখীন হওয়া নিউ ইয়র্ক স্টেটের পরিবারগুলি বাসা, চাইল্ড কেয়ার, এবং খাবারের বাড়তে থাকা দামের জন্য হিমশিম খাচ্ছে। এর কারণে ব্যাপক বিস্তৃত এবং বাড়তে থাকা কষ্ট দেখা যাচ্ছে। নিউ ইয়র্কের বিশ শতাংশ শিশু ফেডারেল পোভার্টি লাইনের নিচে বাস করে, যা দেশের সবথেকে বেশি শতাংশগুলির একটি, এবং অশ্বেতাঙ্গ শিশুদের জন্য এই সংখ্যা আরো খারাপ। কিন্তু আমরা উন্নতি করতে পারবো। এবং আজকে এম্পায়ার স্টেট চাইল্ড ক্রেডিটের এক্সপ্যানশনের মাধ্যমে গভর্নর Hochul (হোকল) আরেকবার সেই নায়ক হয়ে এগিয়ে এসেছে যাকে নিম্ন আয়ের এবং মধ্যবিত্ত শ্রেণীর নিউ ইয়র্কবাসীদের প্রয়োজন। এই প্রস্তাবনাটি নবজাতক এবং ছোট বাচ্চাদের জন্য স্টেটের ট্যাক্স ক্রেডিট তিনগুণ করে এবং একটি বেশি বয়সের শিশুদের জন্য এটিকে প্রায় দ্বিগুণ করে। এর অর্থ আরো বেশি পরিবারের পকেটে আরো বেশি অর্থ চলে যাব , এর মধ্যে স্টেটের সবথেকে কম আয়ের পরিবারগুলি আছে, যাদেরকে আরো অন্যায্য আয়ের আবশ্যিকতার ভিত্তিতে বাদ দেওয়া হবে না। 2032 সালের মধ্যে শিশু দারিদ্র্য অর্ধেক করার লক্ষ্য নিয়ে এই উল্লেখযোগ্য ডাউন পেমেন্ট করার জন্য, এবং আমাদের স্টেটের পরিশ্রমী পরিবারগুলি, যাদের এখন অন্য যেকোনো সময় থেকে বেশি আর্থিক সমর্থন প্রয়োজন, তাদের পকেটে অর্থ ফেরত দেওয়ার আমি গভর্নর Hochul-এর (হোকল) প্রশংসা করছি।"

Schuyler Center for Analysis and Advocacy-এর প্রেসিডেন্ট এবং CEO Kate Breslin (কেট ব্রেসলিন) বলেন, "Child Poverty Reduction Act-এর মাধ্যমে গভর্নর Hochul (হোকল) এবং নিউ ইয়র্ক স্টেটের আইনসভা (Legislature) 2031 সালের মধ্যে শিশু দারিদ্র্য অর্ধেক করার অঙ্গীকার করেছেন। অনেক কম আয়ের পরিবারের শিশুদের জন্য ফুল ক্রেডিট পাওয়ার সুযোগ করে দেওয়া এবং ক্রেডিটের মূল্য বাড়িয়ে দেওয়ার মাধ্যমে নিউ ইয়র্কের চাইল্ড ট্যাক্স ক্রেডিটকে উন্নত করার গভর্নর Hochul-এর (হোকল) প্রস্তাবনাটি হলো নিউ ইয়র্কের শিশু দারিদ্র্য কমানোর লক্ষ্য অর্জনের জন্য একটি স্বাগত ধাপ এবং পুরো স্টেটের কয়েক লাখ পরিবারের জন্য অর্থপূর্ণ একটি পার্থক্য তৈরি করে দেওয়ার সম্ভাবনা এর আছে। শিশু দারিদ্র্যকে টিকে থাকতে দেওয়া একটি পলিসির সিদ্ধান্ত, এবং শিশু দারিদ্র্যের সমাধানে বিনিয়োগ করাও ঠিক তাই। শিশু দারিদ্র্য কমানো শুরু করবে এবং প্রতিদিনের চাহিদা পূরণে হিমশিম খেতে থাকা অন্যান্য নিউ ইয়র্কের পরিবারকে উন্নতি করা শুরু করবে এমন একটি পলিসি সিদ্ধান্ত নেওয়ার জন্য আমরা গভর্নর Hochul-এর (হোকল) প্রশংসা করছি।"

আজকের ঘোষণাটি 500 মার্কিন ডলার পর্যন্ত ইনফ্লেশন রিফান্ড (Inflation Refund) চেক পাঠানোর জন্য গভর্নর Hochul-এর (হোকল) প্রথম 2025 স্টেট অফ দ্য স্টেট প্রস্তাবনার ভিত্তিতে হয়েছে যার ফলে পুরো স্টেটের প্রায় 15 মিলিয়ন নিউ ইয়র্কবাসী লাভবান হবে। নতুন ইনফ্লেশন রিফান্ডটি কোভিড মহামারীর পরের বছরগুলোতে প্রতিদিনের পণ্যের দামে ইনফ্লেশনের প্রভাবকে সমাধান করতে সাহায্য করবে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন